



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৭৬
প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদ প্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

তারিখ: ২০ আষাঢ় ১৪৩০
০৪ জুলাই ২০২০

বিষয়: ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক লাভজনক প্রতিষ্ঠানের ন্যায় পণ্যসামগ্রী বিক্রয়/সরবরাহ বন্ধকরণ।

প্রিয় মহোদয়,

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ধারা ২৪(৩) এ উল্লেখ রয়েছে যে, “কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান এই ধারার বিধান ও উহার উদ্দেশ্যের পরিপন্থী কোন কার্যক্রম গ্রহণ, লেন-দেন, শিল্প বা ব্যবসা-বাণিজ্য করিতে বা অন্য কোন প্রকার সেবা প্রদান করিতে পরিবেনা।”


২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, এ অথরিটির সনদপ্রাপ্ত কিছু ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উল্লিখিত ধারার বিধান ও এর উদ্দেশ্য পরিপন্থী কার্যক্রম, লেন-দেন বা ব্যবসা-বাণিজ্যে জড়িত হয়ে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের লোকবল ও অন্যান্য সম্পদ ব্যবহার করে ক্ষুদ্রঋণের গ্রাহকের নিকট বিভিন্ন ধরনের ইলেকট্রনিক্স পণ্য ও ভোগ্য পণ্যসামগ্রী ঋণ প্রদানের মাধ্যমে বা নগদ মূল্যে বিক্রয়/সরবরাহ করছে।

৩। এমতাবস্থায়, অলাভজনক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হিসেবে এমআরএ আইন-বিধির উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যেরেখে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিভিন্ন পণ্যসামগ্রী বিক্রয়/সরবরাহ করা হতে বিরত থাকার জন্য সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা হলো।

৪। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ৪৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


মোঃ জিব্বার রহমান
পরিচালক

ফোন: ৮৩৩২৫৩৮।


ই-মেইল:director.lic-regu@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.২১.৬৬.০০৪.২৩-১৪১০

তারিখ: ২০ আষাঢ় ১৪৩০
০৪ জুলাই ২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
- (২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা;
- (৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- (৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা;
- (৫) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা;
- (৬) গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৮) অফিস কপি।


মোহাম্মদ কামাল হোসেন
উপপরিচালক
ফোন: ২২২২২৪২৬৯।